

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

বিষয়: পাট ও পাটজাত পণ্য রঞ্জানির বিপরীতে প্রত্যর্পণ প্রদান সম্পর্কিত বিদ্যমান সমস্যা নিরসনে
সময় বৃদ্ধি।

নং ১৬/মুসক/২০১৭-৬১—কাস্টম হাউস ও স্তুল কাস্টমস স্টেশনসমূহের মাধ্যমে পাট ও
পাটজাত পণ্য রঞ্জানির ক্ষেত্রে রঞ্জানি চালানের বিল অব এক্সপোর্ট এর পেছনে কায়িক পরীক্ষার
প্রতিবেদন না থাকার কারণে প্রত্যর্পণ প্রদানে জটিলতা সৃষ্টি হচ্ছে। পাট ও পাটজাত পণ্য রঞ্জানির
ক্ষেত্রে কারখানায় পণ্যসমূহ বিশেষ হাইড্রলিক মেশিন দ্বারা চাপ প্রয়োগের মাধ্যমে মোড়কজাত করা
হয়। উক্ত পণ্যসমূহ রঞ্জানির সময় কায়িক পরীক্ষা সম্পন্ন করার জন্য মোড়ক খোলা হলে তা পুনরায়
মোড়কজাত করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি বাংলাদেশের কোন কাস্টমস স্টেশনে না থাকায় পুনরায়
মোড়কজাত করা সম্ভব হয় না। এ কারণে প্রকৃতপক্ষে এই সকল পণ্য রঞ্জানিকালে পণ্যের পরিদর্শন
হলেও বাস্তবিক কোন কায়িক পরীক্ষা সম্পন্ন হয় না বরং কায়িক পরীক্ষার দায়িত্বে নিয়োজিত কাস্টমস
কর্মকর্তাগণ পণ্য পরিদর্শনকালে ট্রাকে পাটের বেল গণনা করে রঞ্জানির অনুমোদন দেন।

(১০৮২৯)

মূল্য : টাকা ৪.০০

২। রঞ্জনি আয়ে উৎসাহ প্রদান ও জাতীয় স্বার্থ সংরক্ষণের নিমিত্তে পাট ও পাটজাত পণ্যের ক্ষেত্রে কায়িক পরীক্ষা প্রতিবেদন ব্যতিরেকে বৈদেশিক মুদ্রা প্রাপ্তি সংক্রান্ত পিআরসি, ইএব্রপি ও অন্যান্য দলিলাদির মাধ্যমে রঞ্জনি সম্পর্কে নিশ্চিত হয়ে প্রত্যর্পণ প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে আদেশ নং-৪৩/মূসক/২০১৩, তারিখ ২৯-০৯-২০১৩ খ্রিঃ জারি করা হয়। বিশেষ আদেশ নং-৯/মূসক/২০১৬, তারিখ ০৩-০৫-২০১৬ খ্রিঃ এর মাধ্যমে এ আদেশের মেয়াদ ৩০-০৬-২০১৬ খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৩। রঞ্জনি আয়ে উৎসাহ প্রদান অব্যাহত রাখার লক্ষ্যে পাট ও পাটজাত পণ্যের ক্ষেত্রে কায়িক পরীক্ষা প্রতিবেদন ব্যতিরেকে বৈদেশিক মুদ্রা প্রাপ্তি সংক্রান্ত পিআরসি, ইএব্রপি ও অন্যান্য দলিলাদির মাধ্যমে রঞ্জনি সম্পর্কে নিশ্চিত হয়ে প্রত্যর্পণ প্রদানের জন্য এর মেয়াদ পুনরায় ৩০-০৬-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধি করতে জাতীয় রাজস্ব বোর্ড সম্মতি প্রদান করল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশত্ত্বমে

এ.এফ.এম. শাহরিয়ার মোল্লা
সদস্য (শুল্ক: রঞ্জনি বন্ড ও আইটি)।